**‘ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিস ডেলিভারী প্রোগ্রাম’** শীর্ষক
অপারেশনাল প্ল্যান (ওপি)-এর নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার নিমিত্ত
পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি [Terms of Reference (TOR)]

**পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫**

**বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ**

**পরিকল্পনা মন্ত্রণালয়**

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের রাজস্ব বাজেটের আওতায় ২০২০-২১ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় 'ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিস ডেলিভারী প্রোগ্রাম' শীর্ষক অপারেশনাল প্ল্যান (ওপি)-এর নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন (নির্ধারিত বাজেট):

## ১. পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

অপারেশনাল প্ল্যানের নিবিড় পরিবীক্ষনের নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান নিম্নলিখিত কার্যাদি সম্পন্ন করবে:

(১) ওপি'র বিবরণ (ওপি'র পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(২) ওপি'র অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণী/লেখচিত্রে মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

(৩) ওপি'র উদ্দেশ্য অর্জন অবস্থা পর্যালোচনা এবং ওপি'র উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৪) বিভিন্ন পণ্য ও সেবা সংগ্রহের (procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ ২০০৬, পিপিআর ২০০৮, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং ওপি দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কিনা সে বিয়য়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৫) সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) অনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৬) সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৭) ওপি'র ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা এবং ওপি'র মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় বিশ্লেষণ, পর্যলোচনা ও পর্যবেক্ষণ;

(৮) ওপি অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে ) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ:

(৯) উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি প্রদান ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-ভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১০) ওপি সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

(১১) ওপি'র উদ্দেশ্য, লক্ষ্য, কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, ওপি ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT Analysis;

(১২) ওপি সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি খসড়া প্রতিবেদন প্রণয়ন ও জাতীয় কর্মশালায় তা উপস্থাপন করবে;

(১৩) ওপি ব্যবস্থাপনা, লাইন ডাইরেক্টর নিয়োগ, জনবল নিয়োগ, ওপি বাস্তবায়ন কমিটি ও স্টিয়ারিং কমিটি'র সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার সিদ্ধান্ত প্রতিপালন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১৪) ইন্টারনাল ও এক্সটারনাল অডিট হয়েছে কিনা; হলে অডিট আপত্তি আছে কিনা; আপত্তি থাকলে কয়টি, বিবরণ কী, জড়িত অর্থের পরিমাণ ইত্যাদি পর্যালোচনা;

(১৫) ওপি'র আওতায় সম্পাদিত বিভিন্ন গবেষণা ও সমীক্ষা-এর মাধ্যমে প্রণীত প্রতিবেদনে উল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা;

(১৬) মানব-সম্পদ উন্নয়নের লক্ষ্যে ওপির আওতায় পরিচালিত প্রশিক্ষণ ও কর্মশালা বিভিন্ন দিক পর্যালোচনা;

(১৭) ওপির আওতায় পরিচালিত দীর্ঘমেয়াদী ও স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির বিভিন্ন বিষয় বিশ্লেষণ করে এতদসংক্রান্ত কার্যক্রম সম্পর্কে সুপারিশ প্রদান;

(১৮) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

**২. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকগণের যোগ্যতা:**

| **ক্রমিক** | **পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক** | **শিক্ষাগত যোগ্যতা** | **অভিজ্ঞতা** |
|---|---|---|---|
| অ) | পরামর্শক প্রতিষ্ঠান | প্রযোজ্য নয় | • এতদসংক্রান্ত কাজে ন্যূনতম ৩(তিন) বছরের অভিজ্ঞতা |
| আ) | ক) দলনেতা (Team Leader) | • অর্থনীতি/সমাজবিজ্ঞান/বিজ্ঞান/ব্যবসা/চিকিৎসা বিজ্ঞান ইত্যাদি বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি<br>• প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা যে কোন সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি অথবা উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | • সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ১০(দশ) বছরের কাজের অভিজ্ঞতা;<br>• পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ সম্পর্কে জ্ঞান থাকা আবশ্যক;<br>• ন্যূনতম ১(এক)টি নিবিড় পরিবীক্ষণ কাজের অভিজ্ঞতা;<br>• কম্পিউটার জ্ঞান, প্রতিবেদন প্রণয়নে অভিজ্ঞতা; প্রতিবেদন উপস্থাপনের সক্ষমতা;<br>• অন্য কোন সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| | খ) জনমিতি বিশেষজ্ঞ (Demography Expert) | • জনমিতি/পরিসংখ্যান/ব্যবহারিক পরিসংখ্যান/Population Science বা অনুরূপ বিষয়ে স্নাতকোত্তর বা তদূর্ধ্ব ডিগ্রি | • সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ১০(দশ) বছরের কাজের অভিজ্ঞতা;<br>• স্বাস্থ্য, জনসংখ্যা ও পরিবার কল্যাণ বিষয়ক ওপি/প্রকল্পের মনিটরিং কাজে অভিজ্ঞতা বিশেষত: জনসংখ্যা নিয়ন্ত্রণের বিভিন্ন স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পদ্ধতির প্রয়োগ সম্পর্কে অভিজ্ঞতা;<br>• পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ সম্পর্কে জ্ঞান থাকা আবশ্যক;<br>• পরিবীক্ষণ কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।<br>• কম্পিউটার জ্ঞান, প্রতিবেদন প্রণয়নে অভিজ্ঞতা; প্রতিবেদন উপস্থাপনের সক্ষমতা;<br>• গবষণা, নমুনায়ন, প্রশ্নপত্র প্রণয়ন, বিভিন্ন ধরণের পরিসংখ্যানগত বিশ্লেষণ ইত্যাদি বিষয়ে জ্ঞান; |

| ক্রমিক | পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| | গ) ক্লিনিক্যাল কনট্রাসেপশন বিশেষজ্ঞ (Clinical Contraception Expert) | • চিকিৎসা বিজ্ঞানে স্নাতকসহ এমপিএইচ ডিগ্রি | • বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা বিষয়ক প্রকল্প/ওপি বাস্তবায়ন বা পরিবীক্ষণে ন্যূনতম ৫বছরের অভিজ্ঞতা;<br>• ক্লিনিক্যাল জন্ম নিয়ন্ত্রণ ও পরিবার কল্যাণ সম্পর্কিত আধুনিক বিষয়ক জ্ঞান; |

**৩. পরামর্শক প্রতিষ্ঠানের ডেরিভারেবলসমূহ:**

| ক্রমিক | ডেলিভারেবলসমূহ | জমাদানের সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ১) | প্রারম্ভিক প্রতিবেদন | চুক্তি স্বাক্ষরের ১৫ দিনের মধ্যে | |
| ২) | ১ম খসড়া প্রতিবেদন | চুক্তি স্বাক্ষরের ৬০ দিনের মধ্যে | |
| ৩) | ২ম খসড়া প্রতিবেদন | চুক্তি স্বাক্ষরের ৭৫ দিনের মধ্যে | |
| ৪) | কর্মশালার পর চূড়ান্ত খসড়া প্রতিবেদন | চুক্তি স্বাক্ষরের ৯০ দিনের মধ্যে | |
| ৫) | চূড়ান্ত প্রতিবেদন | চুক্তি স্বাক্ষরের ১০০ দিনের মধ্যে | |

**৪. আইএমইডি কর্তৃক প্রদেয়:**

ক) অনুমোদিত ওপি;

খ) সংশ্লিষ্টদের সাথে প্রয়োজনীয় যোগাযোগ স্থাপনের লক্ষ্যে সহযোগিতা প্রদান.

**৫. অপারেশনাল প্ল্যানের সার-সংক্ষেপ:**

| | | | |
|---|---|---|---|
| ১) | ওপি'র নাম | : | 'ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিস ডেলিভারী প্রোগ্রাম' |
| ২) | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| ৩) | বাস্তবায়নকারী সংস্থা | : | পরিবার কল্যাণ অধিদপ্তর |
| ৪) | প্রকল্প এলাকা | : | সমগ্র বাংলাদেশ |
| ৫) | প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়) | | |
| | মোট | | ১৪৯৮.৪১৮০ |
| | জিওবি | | ১০৭০.৭৩৯৭ |
| | প্রকল্প সাহায্য | | ৪২৭.৬৭৮৩ |
| | আরপিএ | | ৪০২.৬৪৮৫ |
| ৬) | বাস্তবায়নকাল | : | |
| | শুরুর তারিখ | | জানুয়ারি ২০১৭ |
| | সমাপ্তির তারিখ | | জুন ২০২২ |
| ৭) | ওপি'র উদ্দেশ্যসমূহ | : | i. To contribute in reducing Total Fertility Rate (TFR) from 2.3 to 2.0 by 2022<br>ii. To increase CPR with 20% share of LARC and PM in method-mix.<br>iii. To provide quality clinical contraception (LARC & PM) services including Post-Partum Family Planning (PPFP) and Post MR/MRM PAC FP services with special focus in the hard-to-reach and low performing areas including urban slums.<br>iv. To improve functional coordination with DGHS |

| | | | |
|---|---|---|---|
| | | | specially for PPFP services and other ministries (intra and inter sectoral)<br>v. To build service providers' skill on LARC & PM services<br>vi. To ensure procurement and supply of LARC & PM commodities all over the country.<br>vii. To strengthen Quality of Care including clinical supervision and monitoring in delivering LARC & PM services<br>viii. To strengthen partnership among GO-NGOs & private sector for expansion of LARC & PM services coverage. |
| ৮) | প্রধান অঙ্গসমূহ | : | • Strengthening LARC & PM Services<br>• Ensuring availability of LARC & PM Contraceptives and MSR.<br>• Strengthening LARC & PM Services in hard-to-reach, low performing and urban areas through Regional Service Package (RSP)<br>• Quality of care of family planning- LARC & PM services<br>• Capacity building of the service providers and research activities.<br>• Co-ordination and Collaboration with NGOs and private sector.<br>• Intra and Inter-sectoral Coordination and Collaboration. |